

প্রেস বিজ্ঞপ্তি


ঢাকা ২০ ডিসেম্বর, ২০১৮;

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনস্থ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর আয়োজিত “জনপ্রিয় বিজ্ঞান বিষয়ক বক্তৃতামালার” অনুষ্ঠান আজ বিজ্ঞান ও প্রযুক্তি ভবন, আগারগাঁও, ঢাকাতে অনুষ্ঠিত হয়। এতে বিজ্ঞান ও প্রযুক্তি সচিব মোঃ আনোয়ার হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

উক্ত অনুষ্ঠানে মূলপ্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাষ্ট্রের ইলিনয় বিশ্ববিদ্যালয়ের এডওয়ার্ড উইলিয়াম এন্ড জেনমার গাটসেল প্রফেসর ড. তাহের আবু সাইফ। তিনি লিভিং রোবোটিক্স এ নিউ ফিল্ড অব রিচার্স (Living Robotics a new field of Research) এবং সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং রিচার্স ইন ইউএস রুল অব দি গভার্নমেন্ট ন্যাশনাল ল্যাবস এন্ড ইউনিভার্সিটিস (Science and engineering research in US-role of the government, National labs and Universities) এ দুইটি বিষয়ের ওপর প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি বলেন বাংলাদেশে সাইন্স এবং ইঞ্জিনিয়ারিং ক্ষেত্রে উন্নতির যথেষ্ট সম্ভাবনা রয়েছে। এছাড়াও বিদেশে গবেষনাকাজে কর্মরত অনেক বাঙালি বিজ্ঞানী বাংলাদেশের বিজ্ঞান গবেষণায় সাহায্য প্রদান করতে পারে।

অনুষ্ঠানে সচিব বলেন, দেশের জনসাধারণ তথা ছাত্র সমাজকে বিজ্ঞান মনস্ক গড়ে তুলতে হবে এবং বিজ্ঞানের সঠিক ব্যবহারের মাধ্যমে দেশের শান্তি, সমৃদ্ধি ও উন্নয়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যেতে হবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক স্বপন কুমার রায়। এছাড়া উক্ত অনুষ্ঠানে মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী এবং মন্ত্রণালয়াদীন সংস্থাসমূহের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।


(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

☎ ৯৫৪ ০৩৮৭ (অঃ) / 📠 ০১৭১১-৮১৫৮৮১

E-mail: pro@most.gov.bd royv047@gmail.com